# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৭১৭

পর্ব - ৬ঃ হাজ্জ (হজ্জ/হজ) প্রসঙ্গ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১. হজ্জে এর ফযীলত ও যাদের উপর হজ্জ ফরয তার বিবরণ - নাবালেগ ছেলে এবং দাসের কৃত হজ্ব “ফরজ হজ্ব” হবে না

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «أَيُّمَا صَبِيٍّ حَجَّ, ثُمَّ بَلَغَ الْحِنْثَ, فَعَلَيْهِ [أَنْ يَحُجَّ] حَجَّةً أُخْرَى, وَأَيُّمَا عَبْدٍ حَجَّ, ثُمَّ أُعْتِقَ, فَعَلَيْهِ [أَنْ يَحُجَّ] حَجَّةً أُخْرَى». رَوَاهُ ابْنُ أَبِي شَيْبَةَ, وَالْبَيْهَقِيُّ وَرِجَالُهُ ثِقَاتٌ, إِلَّا أَنَّهُ اخْتُلِفَ فِي رَفْعِهِ, وَالْمَحْفُوظُ أَنَّهُ مَوْقُوفٌ

صحيح مرفوعا ـكما ذهب إلى ذلك الحافظ نفسه في «التلخيص» (2/ 220) ـ وموقوفا. رواه البيهقي (4/ 325) وزاد: «وأيما أعرابي حج ثم هاجر فعليه حجة أخرى». ولم أجد الحديث في «المطبوع» من المصنف

বাংলা

৭১৭. ইবনু ’আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-কোন অপ্রাপ্ত বয়স্ক ছেলে হাজ্জ করল। অতঃপর বয়োঃপ্রাপ্ত হলে (সামর্থবান থাকলে) অন্য আরো একটি হাজ্জ তাকে করতে হবে। কোন দাস তার দাসত্বকালে হাজ্জ করলে তাকে স্বাধীন হবার পর আবার একটি হাজ্জ করতে হবে। ইবনু আবূ শাইবাহ, বায়হাক্বী, এর সবগুলো বর্ণনাকারী নির্ভরযোগ্য, তবে তার মারফূ’ হওয়ার বিষয়ে মতভেদ রয়েছে এবং মাওকুফ হওয়াটাই নিরাপদ।[1]

## English

Ibn 'Abbas (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:

“Any minor (child) who performs Hajj must perform it again after coming of age; any slave who performs Hajj and is then freed, must perform his Hajj again." Reported by Ibn Shaibah and Al-Baihaqi. Its narrators are authoritative but scholars say that it is Mawquf.

## ফুটনোট

[1] মারফু হিসেবে হাদীসটি সহীহ।

আত্-তালখীসুল হাবীর ২/২২০, বাইহাকী ৪/৩২৫। ইমাম বায়হাক্বীর বর্ণনায় আরো রয়েছে, যে কোন আরবী ব্যক্তি হাজ্জ করার পর হিজরত করে তাহলে তাকে আবার হাজ্জ করতে হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70528

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন